গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.moha.gov.bd

স্মারক নম্বর:৪৪.০০.০০০০.০০০.১৭৩.৯৭.০০০২.২৬-২৭৫

তারিখ : ০৫ শ্রাবণ ১৪৩৩ / ২০ জুলাই ২০২৬

**প্রজ্ঞাপন**

কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার, গাজীপুর হতে গত ১৬ জুলাই ২০২৬ তারিখ সন্ধ্যা আনুমানিক ০৭:৫০ টায় বন্দি পলায়নের ঘটনায় জনাব শিরিন আক্তার, জেলার, কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার, গাজীপুর-এর দায়িত্ব ও কর্তব্য পালনে চরম অবহেলা রয়েছে মর্মে কারা অধিদপ্তর হতে পত্র প্রেরণ করা হয়েছে।

০২। কারা অধিদপ্তরের পত্রের সুপারিশের আলোকে তাঁকে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯ (১) নং ধারা অনুযায়ী চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন তিনি প্রচলিত আর্থিক বিধি-বিধান মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
২০/০৭/২০২৬
(তানভীর-আল-নাসীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮০-২-২২৩৩৯০৯৪১
E-mail: jail1@moha.gov.bd

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৭৩.৯৭.০০০২.২৬-২৭৫/১(১০)

তারিখ : ০৫ শ্রাবণ ১৪৩৩ / ২০ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা
২। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুর
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশন অফিস, তেজগাঁও (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৬। কারা উপ-মহাপরিদর্শক, ঢাকা বিভাগ, বিভাগ।
৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গাজীপুর
৯। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। জনাব ----------------------------------------------------------------

২০/০৭/২০২৬
(তানভীর-আল-নাসীফ)
সিনিয়র সহকারী সচিব